

আপনার নিয়োগকর্তার মাধ্যমে অলাভজনক সংস্থায় অর্থপ্রদান করার অধিকার আপনার আছে


NYC এর Fast Food Deductions Law (ফাস্ট ফুড কর্তনের আইন) এর অধীনে, ফাস্ট ফুড নিয়োগকর্তাদের অবশ্যই তাদের কর্মীদের অনুরোধ অনুসারে অলাভজনক কাজে যেখানে NYC এর গ্রাহক বিষয়ক বিভাগ (DCA) থেকে একটি নিবন্ধন পত্র থাকবে সেখানে পাঠানোর জন্য তাদের পেচেক থেকে পেমেন্ট কাটতে হবে। নিয়োগকর্তাদেরকে অবশ্যই প্রতিটি NYC কর্মস্থলে এমন জায়গায় বিজ্ঞপ্তি টাঙাতে হবে যাতে সমস্ত কর্মী তা সহজেই দেখতে পান।

ফাস্ট ফুড কর্মীরা আইনের অধীনস্থ

কর্মী যারা NYC এর কোন ফাস্ট ফুড সংস্থায় নিম্নলিখিত কাজের কোন একটি করেন:

- গ্রাহক সেবা
- রাশ্রাবান্না
- খাদ্য ও পানীয় প্রস্তুতি
- অফ-সাইট ডেলিভারি
- নিরাপত্তা
- সরবরাহ বা সরঞ্জাম স্টক করা
- সফাই করা
- নিয়মিত রক্ষণাবেক্ষণের কাজ

আইনটি অভিযাসন স্থিতি নির্বিশেষে প্রযোজ্য।



নিয়োগকর্তারা কর্মীদের বিরুদ্ধে তাদের আইনি অধিকার খর্ব করার জন্য শাস্তি, জরিমানা করতে পারবেন না, প্রতিশোধ নিতে পারবেন না অথবা কোন পদক্ষেপ নিতে পারবেন না। কর্মীদের প্রতি প্রতিশোধমূলক আচরণ করা হলে তাদেরকে অবিলম্বে OLPS এর সঙ্গে যোগাযোগ করতে হবে। নিচে দেখুন।

আপনার অধিকারসমূহ



অলাভজনক কাজের জন্য স্বেচ্ছামূলক কর্তন ও দানের অনুমোদন

আপনার নিয়োগকর্তা আপনার পেচেক থেকে অর্থ কেটে অলাভজনক কাজের জন্য জমা দিয়েছে তা নিশ্চিত করতে, আপনার থেকে অলাভজনক কাজের অনুমোদন নিয়ে এইসব সহ অবশ্যই আপনার নিয়োগকর্তাকে জমা দিতে হবে:

- আপনার স্বাক্ষর
- আপনার নাম ও ঠিকানা
- অ্যাকাউন্ট, পুনরাবৃত্তির হার এবং অর্থপ্রদানের শুরুর তারিখ
- অলাভজনক সংস্থার নাম, ঠিকানা এবং যোগাযোগের তথ্য
- কর্তন ও অর্থপ্রদানের বিবৃতি স্বেচ্ছামূলক ও প্রত্যাহারযোগ্য

কর্তন অবশ্যই আপনার নিয়োগকর্তা লিখিত অনুমোদন পাওয়ার পর 15 দিনের মধ্যে বা তার আগে প্রথম প্রদান শুরু হতে হবে। আপনার নিয়োগকর্তাকে প্রতি সপ্তাহে \$3 এর কম বা প্রতি পেমেন্ট সময়কালে একবারের কম কর্তন করতে হবে না।

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- যদি আপনি নিয়োগকর্তাকে একটি লিখিত অনুমোদন প্রদান করেন তাহলে আপনার লিখিত অনুমোদন পাওয়ার 5 দিনের মধ্যে অলাভজনক সংস্থাকে তার একটি কপি প্রদান করতে হবে।
- আপনার বেতনের বিবৃতিতে কর্তন উল্লেখ করতে হবে।

আপনার নিয়োগকর্তা যা পারবে না:

- আপনার অনুমোদন ছাড়া কর্তন করতে পারবে না।
- কর্তনের জন্য আপনাকে ফি দিতে বাধ্য করতে পারবে না।



অনুমোদন প্রত্যাহার

স্বেচ্ছামূলক কর্তন ও অর্থপ্রদান শেষ করতে আপনাকে অলাভজনক সংস্থার কাছে অবশ্যই লিখিতভাবে প্রত্যাহার পত্র জমা দিতে হবে যা আপনার নিয়োগকর্তার কাছে প্রত্যাহার পৌঁছে দেবে। কর্তন অবশ্যই আপনার নিয়োগকর্তা অলাভজনক সংস্থার কাছে লিখিত প্রত্যাহার পত্র পাওয়ার পর 15 দিনের মধ্যে বা তার আগে প্রথম প্রদান শেষ হতে হবে।



অলাভজনক সংস্থা সম্পর্কে তথ্য পাওয়া

অলাভজনক সংস্থাকে অবশ্যই আপনার কাছে এগুলো জানাতে হবে:

- সংস্থার নাম, ঠিকানা, ইমেল, ওয়েবসাইট (যদি থাকে), ফোন নম্বর এবং অনুমোদন ও প্রত্যাহারের দায়িত্ব থাকা ব্যক্তির যোগাযোগ তথ্য
- লক্ষ্য, কর্মসূচি এবং কোন বিষয়ে জোর দেয়
- অলাভজনক সংস্থার যে সমস্ত কর্মী \$100,000 এর বেশি আয় করতেন বা করেন তা সহ কর্মকর্তা ও নির্দেশকদের তালিকা
- আর্থিক তথ্য
- অলাভজনক সংস্থা যে সক্রিয়ভাবে কাজ করছে তার প্রমাণপত্র

যদি অলাভজনক সংস্থা আপনাকে মিথ্যা বা বিভ্রান্তিকর বিবৃতি দেয় তাহলে তা বেআইনি।

শ্রম সংস্থাগুলো অর্থ নাও চাইতে পারে। আপনি যে অলাভজনক সংস্থাকে অর্থ পাওয়ার অনুমোদন দিয়েছেন সেই সংস্থা অবশ্যই আপনাকে নিম্নলিখিত বিষয় জানাবে:

শ্রম সংস্থার প্রতি অর্থ প্রদান:

জাতীয় শ্রম সম্পর্ক আইনের অনুসারে সংজ্ঞায়িত শ্রম সংগঠনগুলো, নাগরিক আইনের ধারা 201 এর উপবিভাগ 5 অনুসারে সংজ্ঞায়িত কর্মী সংগঠনগুলো এবং শ্রম আইনের ধারা 701 এর উপবিভাগ 5 অনুসারে সংজ্ঞায়িত শ্রম সংগঠনগুলো ধারা 20-1310 এর উপবিভাগ বি (স্থানীয় আইনের 2017 এর 98) অনুসারে এই অধ্যায়ের অধীনে রেমিটেন্স চাওয়ার জন্য অনুমোদিত নয়।

অভিযোগ জানানো

DCA এর শ্রম নীতি ও মানকের অফিস (OLPS) Fast Food Deductions Law এবং অন্যান্য NYC শ্রম আইন বলবৎ করতে পারে।

OLPS এর মাধ্যমে অভিযোগ করার জন্য nyc.gov/dca দেখুন অথবা 311 (NYC এর বাইরে 212-NEW-YORK) নম্বরে ফোন করে “Deductions Law” এর জন্য বলুন। OLPS একটি তদন্তের ব্যবস্থা করবে এবং আপনার অভিযোগের সমাধান করতে চেষ্টা করবে। তদন্ত সম্পূর্ণ করার জন্য বা আইন অনুসারে প্রয়োজনীয় না হওয়া পর্যন্ত OLPS আপনার পরিচয় গোপন রাখবে।

আপনি আদালতে একটি ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন দাখিল করতে পারেন। তবে, আপনি OLPS এর মাধ্যমে অভিযোগ এবং আদালতে দাবি একই সঙ্গে করতে পারবেন না।

OLPS এর সঙ্গে যোগাযোগ করুন

nyc.gov/dca দেখুন, FWW@dca.nyc.gov এ ইমেল করুন অথবা 311 নম্বরে ফোন করে “Deductions Law” এর জন্য বলুন।